যুগান্তর

29 JUN 2003
পৃষ্ঠা ... ১১ ... কলাম ... ১

# চবির ভারপ্রাপ্ত রেজিস্ট্রারের চাকরির মেয়াদ বৃদ্ধি নিয়ে জটিলতা

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার আহমেদুল হক চৌধুরীর চাকরির মেয়াদ দ্বিতীয় দফা বৃদ্ধির ব্যাপারে কর্তৃপক্ষের উদ্যোগের। ফলে প্রশাসনিক অচলাবস্থা ও জটিলতার সৃষ্টি হয়েছে। সিন্ডিকেট, শিক্ষক সমিতি এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী সমিতি ভারপ্রাপ্ত রেজিস্ট্রারের চাকরির মেয়াদ আবার বৃদ্ধির বিরোধিতা করে সুস্পষ্ট অবস্থান নিয়েছে।

রেজিস্ট্রার নিয়োগের কোন সুরাহা না করেই আগামীকাল সোমবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সিনেট অধিবেশন অনুষ্ঠিত হচ্ছে। রেজিস্ট্রার সিনেটের সচিবের দায়িত্ব পালন করেন।

জানা যায়, ১৯৬৮ সালে একজন টাইপিস্ট হিসেবে আহমেদুল হক চৌধুরী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে চাকরি শুরু করেন। সর্বশেষ ভারপ্রাপ্ত রেজিস্ট্রার হিসেবে তার চাকরির মেয়াদ শেষ হয় গত বছরের জুনে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রশাসন দায়িত্ব নেয়ার পর রেজিস্ট্রার পদে স্থায়ী লোক নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করে। এতে বিশ্ববিদ্যালয়ের তিনজন শিক্ষকসহ একাধিক কর্মকর্তা এবং শহরের বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত চাকরিজীবীরা এই পদের জন্য আবেদন করেন। বিশ্ববিদ্যালয়ের জমি বিক্রিসহ আহমেদুল হক চৌধুরীর বিরুদ্ধে তিনটি অভিযোগ তদন্তাধীন রয়েছে।

এসব অভিযোগের ব্যাপারে ভারপ্রাপ্ত রেজিস্ট্রার আহমেদুল হক চৌধুরী বলেন, অভিযোগগুলো অতিরঞ্জিত।